# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 18 June, 2025

ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনি টেলিভিশনে সম্প্রচারিত এক ভাষণে বলেছেন, ইরান চাপিয়ে দেওয়া যুদ্ধের বিরুদ্ধে দৃঢ়ভাবে অবস্থান নেবে।তিনি আরও বলেন, এই জাতি চাপের মুখে কারো কাছে আত্মসমর্পণ করবে না।

আজ বুধবার ইরানের তাসনিম নিউজের বরাতে এ কথা জানিয়েছে আল জাজিরা।

আলি খামেনি বলেন, 'যারা ইরান, এর জনগণ ও ইতিহাস সম্পর্কে জানেন তারা এমন ভাষায় হুমকি দেন না।কারণ, ইরানিরা আত্মসমর্পণ করার জাতি নয়।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিবৃতির প্রতি ইঙ্গিত করে ইরানের সর্বোচ্চ নেতা বলেন, আমেরিকানদের জানা উচিত–যুক্তরাষ্ট্রের যেকোনো সামরিক হস্তক্ষেপ নিঃসন্দেহে তাদের অপূরণীয় ক্ষতি ডেকে আনবে।

এর আগে ট্রাম্প ইরানকে 'নিঃশর্ত আত্মসমর্পণ'র আহ্বান জানিয়ে বলেছেন, যেকোনো সময় 'যুক্তরাষ্ট্রের ধৈর্যচ্যুতি হতে পারে'।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 02:43

URL: https://timestodaybd.com/international/3488242951